

## About MEW(প্রসঙ্গ কথা)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা স্তরে বাস্তবায়নধীন সকল কার্যক্রমকে পরিবীক্ষণ ও মূল্যায়ন করার লক্ষ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ -এর অধীনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে 'মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং (MEW)' প্রতিষ্ঠিত হয়েছে। অধিদপ্তর ও প্রকল্পের আওতায় বিচ্ছিন্ন, বিক্ষিপ্তভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হলেও স্বতন্ত্র ও পূর্ণাঙ্গ মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং মাউশি অধিদপ্তরে ইতোপূর্বে ছিল না। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং (MEW) সকল কার্যক্রম মনিটরিং করার ক্ষেত্রে সামর্থবান হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ পদ্ধতি স্বয়ংক্রিয়ভাবে জোরদার ও শক্তিশালী হবে এবং মূল্যায়ন দক্ষতা বৃদ্ধি পাবে।

মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং এর মূল লক্ষ্য হচ্ছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন সামর্থ বৃদ্ধি ও সুসংহত করা। এই উইং এ দুটি সেল রয়েছে : (১) সেকায়েপ সেল ও (২) মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন সেল।

মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন সেল এর দায়িত্ব হচ্ছে মাউশির অধিনস্ত উপবৃত্তি কার্যক্রম ব্যতীত সকল প্রকল্পের কর্মসূচি এবং মাউশির নিয়মিত উন্নয়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা।

সেকায়েপ সেল এর দায়িত্ব হচ্ছে 'সেকায়েপ' প্রকল্পের প্রতিটি কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নসহ জাতীয়ভিত্তিক উপবৃত্তি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সকল প্রকল্পের উপবৃত্তি কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা।